মেহেরপুরে “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” নিয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” নিয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদের সভাকক্ষে সদর উপজেলা পরিষদের আয়োজনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, উপজেলা কৃষি অফিসার নাসরিন সুলতানা, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সাজিদ হোসেন প্রমূখ।

এ সময় বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে হত্যা মামলার প্রধান আসামী গ্রেফতার

ঝিনাইদহে চাচা হত্যা মামলার প্রধান আসামীকে মাগুরা জেলার শ্রীপুর থেকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান গত ১ মার্চ র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, ঝিনাইদহের চাচা হত্যা মামলার প্রধান আসামী রমজান মাগুরা জেলার শ্রীপুর থানা এলাকায় অবস্থান করছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি একই তারিখ রাত সাড়ে ১১টার সময় মাগুরা জেলার শ্রীপুর থানাধীন খামারপাড়া বাজারস্থ গোরস্থান মোড় এলাকায় অভিযান পরিচালনা করে ঝিনাইদহের চর খাজুরা গ্রামের নিজ চাচাকে হত্যা মামলার পলাতক প্রধান আসামী মো: আলামিন মন্ডলের ছেলে মোঃ রমজান আলী (২৪) কে গ্রেফতার করে।

বুধবার রাতে গ্রেফতারকৃত আসামী’কে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়। দ্রুত হত্যা মামলার আসামী গ্রেফতার করায় ঝিনাইদহ র্যাব-৬, জনগনের কাছে প্রসংশিত হয়েছে।

উল্লেখ্য যে, গত ২৮ ফ্রেব্রুয়ারি তারিখে ঝিনাইদহ জেলার সদর উপজেলার চরখাজুরা এলাকায় পারিবারিক কলহ ও নিজ জমিতে বাঁশ কাঁটাকে কেন্দ্র করে আতিয়ার রহমান (৬৫) কে তার আপন ভাতিজা রমজান আলী (২৪) নিজ হাতে এলোপাথাড়ি মারধর করে ও পরবর্তীতে লাঠি দিয়ে আঘাত করে গুরুতর যখম ও আহত করে।

অচেতন অবস্থায় তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

এ বিষয়ে ভিকটিমের স্ত্রী মোছা: ছালেহা বেগম বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

হরিণাকুন্ডুর জোড়াদহ কলেজের নবাগত শিক্ষার্থীদের নবীন বরণ

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার জোড়াদহ কলেজে বর্ণিল আয়োজনে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীদের বরণ করেছে কলেজ

কর্তৃপক্ষ।দিনব্যাপী নানা অনুষ্ঠানের মাধ্যমে নবীনদের বরণ করে নেয় প্রতিষ্ঠানটি।

বুধবার (২মার্চ) দুপুর ১২টায় জোড়াদহ কলেজের সম্মেলন কক্ষে অধ্যক্ষ শরিফুল ইসলামের সভাপতিত্বে, শিক্ষক কালাম বাশারের পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান ও অত্র কলেজের সভাপতি জনাব জাহিদুল ইসলাম বাবু মিয়া।

এসময় উপস্থিত ছিলেন, থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা,জোড়াদহ ক্যাম্প ইনচার্জ টিটু, কমিটির সদস্য, অত্র কলেজের শিক্ষকবৃন্দ সহ স্থানীয় ব্যক্তিবর্গ

কোটচাঁদপুরে জাতীয় ভোটার দিবস পালিত

“মুজিব বর্ষের অঙ্গীকার রক্ষা করব ভোটাধিকার” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে পালিত হয়েছে জাতীয় ভোটার দিবস। দিবসটি উপলক্ষে উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে বুধবার সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে বিভিন্ন ব্যানার-পেস্টুন নিয়ে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন।

এসময় বিশেষ অতিথি ছিলেন, উপজেলা নির্বাচন অফিসার মোঃ ওয়াহিদ মোরাদ, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মহাসিন আলী, ◌ুসমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া। মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়ও উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম,তথ্য সেবা আপা তানিয়া

সুলতানা, সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, নির্বাচন অফিস সহকারি সৈয়দ আলী সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও নানা শ্রেণী-পেশার মানুষ।

মেহেরপুরে দৈনিক ‘সময়ের আলো’ পত্রিকার প্রতিষ্ঠিবার্ষিকী পালন

মেহেরপুরে দৈনিক ‘সময়ের আলো’ পত্রিকার প্রতিষ্ঠিবার্ষিকী পালন করা হয়েছে। পত্রিকা প্রতিষ্ঠার ৩য় বছর উপলক্ষ্যে বুধবার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়। সময়ের আলো পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

আরটিভি মেহেরপুর জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান।

এসময় দৈনিক ইনকিলাব পত্রিকার জেলা প্রতিনিধি ফারুক মল্লিক, এনটিভির জেলা প্রতিনিধি রেজ আন উল বাশার তাপস, মাছরাঙা টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, ঢাকা পোস্টের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, ভোরের কাগজের জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, আমাদের অর্থনীতি পত্রিকার জেলা প্রতিনিধি মসুদ রানাসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

লেখককে পুলিশ দিয়ে ধরিয়ে দেন তিনি। এঘটনায় দলিল লেখকরা ফুঁসে উঠলে আবারও তাদের সাথে সমঝোতা করে তাকে থানা থেকে ছাড়িয়েও আনেন। তার অনিয়ম দূর্নীতির প্রতিবাদ করলে দলিল লেখক থেকে শুরু করে কর্মচারীরাও সাব রেজিষ্ট্রার মাহফুজ রানার রোশানলে পড়েছে বারবার।
এদিকে সাব রেজিষ্ট্রার মাহফুজ রানা তার অপকর্ম আড়াল করতে সাংবাদিক, সরকারী কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দসহ বিভিন্ন মহলকে দিয়ে সাংবাদিককে ম্যানেজ করার চেষ্টা করেন।
ইতোপূর্বে গাংনী প্রেসক্লাবের সভাপতি রজমান আলীকে চাঁদাবাজ অখ্যায়িত করেতার ফেইসবুক পেইজে একটি পোষ্ট দেন। পরে বিষয়টি নিয়ে সাংবাদিকদের সাথে ক্ষমা চেয়ে আপোস মিমাংসা করে নেন।
জমি রেজিষ্ট্রি করতে আসা বিভিন্ন এলাকার সেবগ্রহিতারা জানান, ফাইলিংয়ের নামে ৯ শ’টাকা হাতিয়ে নেয়া হয়। এর আগে মসজিদ উন্নয়নের নামেও দলিল প্রতি ১০০ টাকা করে হাতিয়ে নেয়া হতো। এনিয়ে পত্রপত্রিকায় লেখা লেখি ও বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠায় সেটা নেয়া বন্ধ হয়। তবে, মসজিদের নামে আদায় করা কয়েক লক্ষ টাকার কোনো হুদিস পাইনি কেউ।শুধু মসজিদের জন্য নয়, মাহফুজ রানা মাত্র একটি হ্যান্ড মাইক কেনার জন্য ২৮৫ জনের কাছ থেকে দলিল প্রতি দেড় শ টাকা করে আদায় করেছেন।অথচ, সে হ্যান্ড মাইকটিও দান করেছেন একজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।
মাহফুজ রানার বিভিন্ন দুর্ণিতী ও অনিয়মের অভিযোগ এনে ইতোমধ্যে জেলা রেজিষ্টার, বিভাগী রেজিষ্ট্রার ও ঢাকা প্রধান রেজিষ্ট্রারের বরাবর লিখিত অভিযোগ দিয়ে দলিল লেখকরা।

রাজনৈতিক চর্চার মাধ্যমে গণতন্ত্র বিকশিত হোক

রাজনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা করতে হলে সময়মতো সম্মেলনের কোন বিকল্প নেই। একই কমিটি দীর্ঘদিন ধরে থাকলে সেই কমিটির নেতৃত্ব বজায় থাকে না। দলীয় নেতা কর্মীদের উদ্যোম নষ্ট হয়। তেমনই হয়েছে মেহেরপুর পৌর আওয়ামী লীগ কমিটির। দীর্ঘ ১৮ বছর ধরে ওই ইউনিটের সম্মেলন না হওয়ায় পৌর কমিটির নেতাকর্মীদের মধ্যে স্থবিরতা

লক্ষ্য করা গেছে। কমিটির অনেক সদস্য মৃতবরণও করেছেন।

নতুনরা কমিটিতে আসবেন সে সুযোগও তৈরি হয়নি। একই অবস্থা বিরাজ করছে গাংনী উপজেলা আওয়ামী লীগের কমিটিতে। ওই কমিটিরও সম্মেলন হয়নি দীর্ঘদিন। এছাড়া মুজিবনগর উপজেলা কমিটি, গাংনী পৌর কমিটি ও সদর উপজেলা আওয়ামী লীগের কমিটির মেয়াদও শেষ হয়েছে অনেক আগে।

এর আগে কয়েকবার এসব কমিটির সম্মেলন হওয়ার কথা থাকলেও অজানা কারণে সম্মেলন অনুষ্ঠিত হয়নি। এক নেতা আরেক নেতার উপর দায় চাপিয়ে গেছেন এমন অভিযোগও রয়েছে বিস্তর। একটি পক্ষ সম্মেলন চাইলেও অপরপক্ষ সম্মেলন বন্ধ করার চেষ্টা করেছেন এমন অভিযোগ রয়েছে দলের মধ্যে। সর্বশেষ মাস দুয়েক আগেও সম্মেলনের দিনক্ষণ ঘোষণা করেও সম্মেলন পিছিয়ে যায়।

অবশেষে গত সোমবার জেলা আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সভায় নতুন করে চারটি ইউনিটের সম্মেলনের সিদ্ধান্ত নেওয়া হয়। এগুলোর মধ্যে ১৯ মার্চ মেহেরপুর পৌর শাখা, ২০ মার্চ সদর উপজেলা শাখা, ২১ মার্চ গাংনী উপজেলা শাখা এবং ২২ মার্চ মুজিবনগর উপজেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত হয়েছে।

নতুন করে এই ইউনিটগুলোর সম্মেলনের দিন ঘোষণা হওয়ায় নেতাকর্মীদের মধ্যে আবারও চাঞ্চল্যতা শুরু হয়েছে। কমিটিতে ঠাঁয় পাবার জন্য বিভিন্ন ভাবে চেষ্টা তদবির করছেন এমন খবর পাওয়া যাচ্ছে। নতুনভাবে প্রতিটি ইউনিটে কর্মীদের মধ্যে রাজনৈতিক চর্চা শুরু হয়েছে। সুষ্ঠ রাজনৈতিক চর্চার মাধ্যমেই গণতন্ত্র বিকাশের একমাত্র পথ। সম্মেলন এবং কমিটি গঠনের ধারাটিও যাতে সুষ্ঠ রাজনৈতিক চর্চার মধ্যে দিয়ে হয়, সচেতন মানুষ এবং রাজনৈতিক কর্মীরা এটাই চায়।

তাই পূর্বের মত যেন আবারও সম্মেলন পিছিয়ে না যায় রাজনৈতিক নেতৃবৃন্দদের কাছে সকল সচেতন নাগরিক ও রাজনীতিপ্রেমী মানুষের প্রত্যাশা। দীর্ঘদিন পরে হলেও মেহেরপুর জেলা আওয়ামী লীগের এ উদ্যোগ সফল হোক, সফল হোক ৪টি ইউনিটের সম্মেলন। নতুন নেতৃত্বে বিকশিত হয়ে রাজনৈতিক চর্চার মাধ্যমে দলীয় কর্মকাণ্ড গতিশীল হোক।

মেহেরপুরে মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ে তালিকা বহির্ভূতদের সাক্ষাৎকার নেওয়ার প্রতিবাদে স্মারকলিপি প্রদান

মেহেরপুর সদর উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ে অনিয়মের অভিযোগ তুলে ভুয়া মুক্তিযোদ্ধা বন্ধের দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেছে বীর মুক্তিযোদ্ধারা। মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আঃ মালেকের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা এ স্মারকলিপি প্রদান করেন। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান স্মারকলিপি গ্রহণ করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

এসময় বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম, উমেদীন আলী, মোঃ আব্দুস ছালাম, মোঃ বরকত আলী, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ বদরুল আলম, জিল্লুর রহমান, হায়দার আলী, কদম আলী উপস্থিত ছিলেন।

স্মারকলিপিতে মুক্তিযোদ্ধারা জানান, জামুকা কর্তৃক প্রদত্ত অন-লাইনে আবেদনকারীদের তালিকাভুক্ত মেহেরপুর সদর উপজেলায় ৪৮৯ জনের যাচাই-বাছাই এর কাজ ইতোমধ্যে তথাকথিত বিতর্কিত কমিটির মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। যদিও এখন পর্যন্ত চুড়ান্ত তালিকা প্রকাশিত হয়নি। আমরা জানতে পেরেছি জামুকা কর্তৃক প্রদত্ত জিডি নম্বরসহ তালিকা বহির্ভূত কয়েকজন ব্যক্তিকে এমনকি রাজাকারের সন্তানসহ তাদেরকে মুক্তিযোদ্ধা বানানোর জন্য জামুকা কর্তৃক ২০১৭ সালের বিধি-বিধান/নিয়মনীতি উপেক্ষা করে সাক্ষাৎকার নেওয়া হয়েছে। এমনকি সাক্ষাৎকারকারীগণ অরিজিনাল সনদ না দেখিয়ে নকল ফটোকপি প্রদর্শন করেছেন। আমরা এর নিন্দা জ্ঞাপন করছি এবং তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সাথে সাথে জামুকা কর্তৃক প্রদত্ত জিডি নম্বর সহ তালিকা বহির্ভূত ব্যক্তিদের কে মুক্তিযোদ্ধা বানানোর অপচেষ্টা বন্ধ করার জোর দাবি জানাচ্ছি।

ঝিনাইদহে পুলিশ মেমোরিয়াল ডে উদযাপন

দেশের বিভিন্ন স্থানে কর্মরত অবস্থায় নিহত ঝিনাইদহের পুলিশ সদস্যদের স্মরণে পুলিশ মেমোরিয়াল ডে পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০ টায় পুলিশ লাইনে একটি শোক র্যালি বের করে। র্যালি শেষে নিহত পুলিশ সদস্যর স্বরণে নির্মিত স্মৃতিফলকে পুস্পস্থাবক অর্পন করেন পুলিশ সুপার মুসতাসিরুল ইসলামসহ অন্যান্যরা।

পরে মেমোরিয়াল ডে উপলক্ষে জেলা পুলিশের উদ্যেগে স্বরণ সভা অনুষ্ঠিত হয়। স্বরণ সভায় পুলিশ সুপার ছাড়াও অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার’র পুলিশ সুপার শাহরিয়ার আলী, সিআইডি’র সহকারী পুলিশ সুপার শরাফত উল্লাহ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)আবুল বাশারসহ নিহতের স্বজনরা বক্তব্য রাখেন।

শেষে দেশের বিভিন্ন স্থানে কর্মরত থাকা অবস্থায় নিহত ১৭ জন পুলিশ সদস্যদের স্বজনদের হাতে জেলা পুলিশ সম্মাননা তুলে দেন।